


ভূয়া আইডি কার্ড ও জাল জন্ম নিবন্ধন সনদ তৈরী প্রতিরোধে নারায়ণগঞ্জ সদর নির্বাহী অফিসার কর্তৃক প্রামাণ্য আদালত পরিচালনা

ভূয়া আইডি কার্ড, জাল জন্ম নিবন্ধন সনদ তৈরী প্রতিরোধে অদ্য রোজ বৃহস্পতিবার দুপুরের পর নারায়ণগঞ্জ জেলাধীন সদর উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট, নারায়ণগঞ্জ সদর এনায়েত নগর ইউনিয়নে প্রামাণ্য আদালত কার্যক্রম পরিচালনা করেন। এনায়েতনগর ইউনিয়নের ২নং ওয়ার্ড শাসনগাঁও এলাকার বিসিক শিল্প নগরীর এফ রহমান প্লাজায় বিসমিল্লাহ কম্পিউটার, মাদার কম্পিউটার, ইনসার্ফ কম্পিউটার নামক দোকান তল্লাশি চালিয়ে ভূয়া জাতীয় পরিচয় পত্র, জাল জন্ম নিবন্ধন সনদ তৈরী, শিক্ষা বোর্ডের নকল সনদ তৈরির আলামত পাওয়া যায়। আলামত হিসাবে ৪টি সিপিইউ, ১টি মনিটর, সিডি, বিভিন্ন সনদ তৈরির জন্য প্রস্তুতকৃত ব্লাঙ্ক সনদের হার্ড ও সফট কপি সহ অনেক ভূয়া ও নকল সনদ-এর কাগজ পত্র জব্দ করা হয়। মাদারীপুরের রেজাউল করিম(৩০), পিতা-মৃত আঃ হাই, বর্তমান বাসস্থান-খানপুর, নারায়ণগঞ্জ (জয়নাল কমিশনারের বাড়ির সামনে) ও কুমিল্লার আঃ মান্নান (৩২), পিতা-আঃ করিম, বর্তমান বাসস্থান- শাসনগাঁও, ফতুল্লা, নারায়ণগঞ্জকে ভূয়া আইডি কার্ড, জাল জন্ম নিবন্ধন সনদ তৈরী করার অপরাধ করায় জন্ম-মৃত্যু নিবন্ধন আইন-২০০৪ এর ২১(২) ধারা মোতাবেক উভয়কে ০৭(সাত) দিনের বিনাশ্রম কারাদন্ড ও ৫,০০০/(পাঁচ হাজার) টাকা জরিমানা করা হয়, জরিমানা অনাদায়ে ১৫দিনের কারাদন্ড প্রদান করা হয়। এদের সহযোগী শাকিল, পিতা- ইউসুফ খলিফা, বর্তমান বাসস্থান- খানপুর সদর পাড়া, নারায়ণগঞ্জ ও অজিত রাজবংশী, পিতা- মৃত অনাথ রাজবংশী, বর্তমান বাসস্থান- কাশীপুর মধ্যপাড়া উভয়কে ৩,০০০/(তিন হাজার) টাকা করে জরিমানা করা হয়। অপরাধ দমন ও প্রতিরোধে জনপ্রতিনিধি হিসেবে এনায়েতনগর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মোঃ হাবিবুর রহমান অগ্রণী ভূমিকা পালন করায় ইউএনও স্যার প্রশংসা করেন। স্যার বলেন, বিভিন্ন অপরাধ দমন ও প্রতিরোধে স্থানীয় জনপ্রতিনিধি ও সচেতন লোকদের এগিয়ে আসতে হবে। প্রশাসন আপনাদের সার্বিক সহযোগীতা করবে। এসব অপরাধীদের কারণে বাল্য বিবাহ নির্মূল করা সম্ভব হচ্ছে না।



ভূয়া আইডি কার্ড, জাল জন্ম নিবন্ধন সনদ তৈরির সাজপ্রাপ্ত আসামী

ভূয়া আইডি কার্ড, জাল জন্ম নিবন্ধন সনদ, নকল বোর্ড সার্টিফিকেট

ভূয়া আইডি কার্ড, জাল জন্ম নিবন্ধন সনদ তৈরী করার আসামীদের আইনের আওতায় আনার কাজে ভূমিকা রাখায় এনায়েতনগর ইউপি চেয়ারম্যান মোঃ হাবিবুর রহমানসহ ইউপি সচিব আবদুল মালেক মজুমদার, ইউপি সদস্য মোঃ কামরুল হাসান, হাজী মোঃ আক্তার হোসেন, রোজিনা আক্তার, তাছলিমা বেগম, ইউপি কর্মচারী মোঃ হুমায়ূন কবির, মোঃ আফসার উদ্দিন অপু, গ্রাম পুলিশ মোঃ জামাল উদ্দিন, মোঃ নজরুল ইসলাম ও মোঃ রাসেল কে ধন্যবাদ জানান। আপনাদের সহযোগীতার এ দৃষ্টান্ত অন্যান্য জনপ্রতিনিধিদের অপরাধ দমন ও আইনের শাসন প্রতিষ্ঠায় কার্যকর ভূমিকা রাখায় উৎসাহিত করবে।

সংবাদাতা- সৈয়দ মোঃ শাহনেওয়াজ